বাংলা গোল্ড (প্রাঃ) লিঃ এর অভিজ্ঞতা ও মেশিন স্পেসিফিকেশন

বাংলা গোল্ড (প্রাঃ) লিমিটেড্ বাংলাদেশের একমাত্র পূর্ণাঙ্গ গোল্ড হলমার্ক কোম্পানী (স্বর্ণ মান যাচাইকারী প্রতিষ্ঠান)। বিশ্বের বিভিন্ন দেশের গোল্ড হলমার্ক কোম্পানীর মত এটিও একটি আন্তর্জাতিক মানের গোল্ড হলমার্ক কোম্পানী। বাংলাদেশের স্বর্ণ শিল্পকে বিশ্ব দরবারে সু-প্রতিষ্ঠিত করার দৃঢ় প্রত্যয় নিয়ে স্বর্ণের মান উন্নয়নের লক্ষ্যে বাংলা গোল্ড (প্রাঃ) লিমিটেড ২০০৭খ্রিস্টাব্দ হইতে অদ্যবধি নিরলস পরিশ্রম ও সততার সহিত কাজ করে যাচ্ছে। তার ফলশ্রুতিতে আমরা ISO: 9001-2015 সনদ অর্জন করতে সক্ষম হয়েছি।

বাংলাগোল্ড (প্রাঃ) লিমিটেড এর পরিচালনা পর্ষদ এমন সব ব্যক্তিত্ব রয়েছে, যারা কিনা জুয়েলারী ব্যবসার প্রাণ পুরুষ , যেমন কোম্পানীর চেয়ারম্যান জনাব কাজী সিরাজুল ইসলাম, চেয়ারম্যান আমিন জুয়েলার্স (প্রাঃ) লিমিটেড, ভাইস চেয়ারম্যান বাবু গঙ্গা চরন মালাকার, চেয়ারম্যান ভেনাস জুয়েলার্স (প্রাঃ) লিমিটেড, ভাইস চেয়ারম্যান জনাব ডাঃ দিলীপ কুমার রায়, চেয়ারম্যান গ্রামীণ জুয়েলার্স (প্রাঃ) লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক জনাব এনামুল হক খান, প্রোপাইটর শারমীণ জুয়েলার্স, পরিচালক জনাব রনজিত ঘোষ, প্রোপাইটর সানন্দা জুয়েলার্স সহ প্রত্যেক পরিচালকই কোন না কোনভাবে জুয়েলারী ব্যবসার সাথে ৫০বছর থেকে ৬০বছর যাবৎ সম্পৃক্ত।

২০০৭খ্রিস্টাব্দের আগে আমাদের দেশে স্বর্ণের মান যাচাই এর জন্য কষ্টিপাথর ব্যবহার করা হত, এতে করে অনেকেই প্রতারিত হতেন, এই প্রতারনার হাত থেকে স্বর্ণশিল্প কে রক্ষার জন্য ২০০৭সনে বাংলাগোল্ড (প্রাঃ) লিমিটেড প্রতিষ্ঠিত হয়, বর্তমানে জুয়েলার্সে শোরুমে যে ক্যাডমিয়াম ঝালা যুক্ত স্বর্ণের অলংকার পরিলক্ষিত হয় তাহা বাংলা গোল্ড প্রতিষ্ঠিত হওয়ারই ফল। যার ফলে গ্রাহক এবং ব্যবসায়ীগন উভয়ই উপকৃত হচ্ছে। এছাড়া পাকা স্বর্ণের পরিমাপক সর্বপ্রথম বাংলা গোল্ডে হাত ধরেই হয়। সকল গ্রাহক ও ব্যবসায়ীদের স্বর্ণ বা স্বর্ণালংকার এর মান পরীক্ষা করার সমস্ত কাজ ই বাংলা গোল্ড করে থাকে।

বিভিন্ন সময়ে আমাদের দৈনিক প্রত্রিকা ও প্রিন্ট মিডিয়ায় আমাদের ল্যাব সম্পর্কে প্রতিবেদন প্রকাশের প্রেক্ষিতে আমাদের সক্ষমতা যেমন প্রকাশ পেয়েছে তেমনি ব্যবহারিক ক্ষেত্রেও আমাদের গ্রহনযোগ্যতা উপলব্ধি করা যায়। বাংলা গোল্ড (প্রাঃ) লিঃ এর প্রকাশিত রিপোর্ট বা ফলাফল সবক্ষেত্রে ব্যপক গ্রহনযোগ্য। স্বর্ণ বাজারে এর বিনিময় এর ক্ষেত্রে আমাদের প্রদত্ত রিপোর্টকে ভিত্তি করে আর্থিক লেনদেন হয়ে থাকে।

বাংলা গোল্ড (প্রাঃ) লিমিটেড একটি বিশ্বস্থতার প্রতীক। বিভিন্ন সময়ে শুল্ক গোয়েন্দা বা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে আটককৃত স্বর্ণ আসল বা নকল কিনা তা যাচাই করার জন্য আমাদের নিকট আসলে আমরা তা নিরূপন করে দেই। এছাড়াও স্বর্ণ স্বদৃশ বস্তু নিয়ে বিচারিক কার্যক্রম যখন কোন সিদ্ধান্তহীনতায় ভোগে, তখন বিজ্ঞ আদালতের অনুমতিপত্র গ্রহন সাপেক্ষে আমরা প্রাপ্ত স্বর্ণের সঠিক রিপোর্ট প্রদান করে থাকি। যা একটি বিশ্বস্ততার প্রতীক। এর মাধ্যমে আমাদের ল্যাব এর সক্ষমতা প্রতীয়মান হয়।

-ঃ আমাদের সেবা সমূহ ঃ-

- গোল্ড মেলটিং বা গালাইকরন।
- গোল্ড এক্স-রে বা টন্চ।
- গোল্ড হলমার্কিং।
- গোল্ড ফায়ার টেষ্ট।
- লেজার ওয়েলডিং।

স্বর্ণ মেলটিং বা গালাইকরন

আমাদের দেশের স্বর্ণের প্রধান উৎস হল পুরাতন স্বর্ণ রি-সাইক্লিন করা, আর রি-সাইক্লিন এর প্রথম বা প্রধান ধাপ হল মেলটিং। পুরাতন স্বর্ণালংকার মেলটিং করার জন্য ইতালিয়ান ITALIMPIANTI ORAFI S.P.A. মেশিন এর সাহয্যে ১১০০ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় গলিয়ে গিনি স্বর্ণপিন্ড তৈরী করা হয়। এই গিনি স্বর্ণপিন্ডটি একটি বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে পাকা করতে হয়। এই পাকা স্বর্ণপিন্ডের সাথে নির্দিষ্ট পরিমান ইতালিয়ান তামা বা রুপা সংযুক্ত করে ইতালিয়ান ITALIMPIANTI ORAFI S.P.A. মেশিন এর মাধ্যমে গালাই করন নির্দিষ্ট ক্যারেটের অর্থাৎ ১৮ক্যারেট, ২১ক্যারেট, ২২ক্যারেট স্বর্ণখন্ড তৈরী করতে হয় ।

এই স্বর্ণখন্ডটি দিয়ে আমাদের দেশের কারিগর বিভিন্ন প্রকার গহনা তৈরী করে। আর গালাইকরন পক্রিয়া দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য আমাদের রয়েছে দক্ষ ও প্রশিক্ষিত টেকনেশিয়ান এবং ০৫(পাঁচ)টি ইটালিয়ান মেশিন। মেশিনের বিবরন: ITALIMPIANTI ORAFI S.P.A. ৫ কেজির ০২টি মেশিন, ১.৫ কেজির ০১টি মেশিন, ০১ কেজির ০২টি মেশিন। সর্বমোট: ০৫(পাচ) টি গালাইকরন বা মেলটিং মেশিন ।

গোল্ড এক্স-রে বা টনচ

সমগ্র বাংলাদেশের সকল পোদ্দার ও কারিগদের নিকট সর্বাধিক সমাদৃত, গ্রহন যোগ্য ও বিশ্বস্ত প্রতিষ্ঠানে এর নাম বাংলাগোল্ড (প্রাঃ) লিমিটেড। প্রতিদিন শত শত পিছ স্বর্ণপিন্ডের গুনগতমান পরীক্ষা করার জন্য পোদ্দার ও কারিগরগন আমাদের প্রতিষ্ঠানে এক্সরে বা টনচ্ করার জন্য আসেন। আর আমরা আমাদের প্রতিষ্টানের জার্মানি প্রযুক্তি ও FISCHERSCOPE X-RAY XAN মেশিন এর মাধ্যমে স্বর্ণের মান যাচাই করে রিপোর্ট প্রদান করি। অলংকার বা গহনা তৈরীর জন্য পাকা স্বর্ণেসাথে তামা বা রুপার যে মিক্সিং করা হয় তাহা, সঠিক ও নির্ভুল হয়েছে কিনা তাহা নির্ণয় করার একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান বাংলাগোল্ড (প্রাঃ) লিমিটেড। গোল্ড এক্স-রে জন্য আমাদের রয়েছে ০৪টি মেশিন।

হলমার্কিং বা লেজার মার্কিং

গোল্ড এক্স-রে বা টন্‌চ ও ফায়ার টেষ্টে উত্তির্নকৃত গহনা বা অলংকার সমূহ জার্মানির প্রযুক্তি ও ইটালিয়ান SISMA লেজার মেশিন এর মাধ্যমে গহনা বা অলংকারের ডিজাইন ও ওজন ঠিক রেখে দক্ষ ও অভিক্ষ টেকনেশিয়ান দ্বারা অলংকারের গায়ে অতি সুক্ষ ভাবে খোদাই করে হলমাকিং করা হয়। এছাড়া অলংকার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের লগো সহ ও হলমাকিং করে দেওয়া হয়।

এছাড়া ইতালিয়ান মেশিনের সাহয্যে আমরা সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্টানের গোল্ড পদক বা মেডেল মার্কিং করে থাকি। সরকারী একুশে পদক , স্বাধীনতা পদক, বিশ্ববিদ্যালয়ের গোল্ডেন পদক সহ বিভন্ন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের মেডেল মার্কিং করি। লেজার হলমার্কিং করা জন্য আমাদের রয়েছে সর্বমমোট ০৪(টি) মেশিন।

ফায়ার টেষ্ট

স্বর্ণের সঠিক মান কিংবা Karat যাচাইয়ে বিশ্বের একমাত্র গ্রহনযোগ্য অফিসিয়াল পদ্ধতি হচ্ছে Fire Assay তথা ফায়ার টনস্ । Fire Assay এর জন্য অনস্বীকার্য হচ্ছে Fire Assay Laboratory স্থাপন। এই Fire Assay Laboratory তে Cupellation পদ্ধতি ব্যবহারের মাধ্যমে ধাতু বা Alloy এ স্বর্ণ, তামা ও রূপা সহ অন্যান্য পদার্থ মিশিয়ে বিভিন্ন পক্রিয়ায় হাতে কলমে যাচাই বাছাই করা হয়। Fire Assay Laboratory তে বিভিন্ন ভাবে পরীক্ষা নিরীক্ষা, যাচাই, বাছাই করে স্বর্ণের প্রকৃত মানটি ১০০% সঠিকভাবে নির্ধারণ করা হয়।

আধুনিক বিশ্বের সর্বত্র একমাত্র Fire Assay এর মাধ্যমে স্বর্ণের টনস্ করা হয়। আমাদের প্রতিবেশী রাষ্ট্র ভারতেও ছোট বড় প্রায় ৮৩ টি ফায়ার এসে ল্যাব আছে। Fire Assay টনস্ ব্যতীত স্বর্ণের মান বিশ্বের কোথাও স্বীকৃতি লাভ করবে না।

ফায়ার টেষ্ট হচ্ছে Induction Method গহনা বা অলংকার থেকে ক্ষুদ্র পরিমান স্বর্ণ সংগ্রহ করে সেটি ইতালিয়ান প্রযুক্তি ITALIMPIANTI ORAFI S.P.A. মেশিন এর মাধ্যমে স্বর্ণের মান যাচাই করা হয়।

লেজার ওয়েলডিং

স্বর্ণালংকার ভেঙ্গে গেলে অলংকারের ভাঙ্গা অংশ ইতালিয়ান প্রযুক্তি SISMA লেজার ওয়েলডিং মেশিন এর মাধ্যমে অতি সুক্ষ ভাবে অলংকারের ডিজাইন ও ওজন ঠিক রেখে স্বর্ণ এবং ক্যাডমিয়াম ব্যাতিত অলংকার জ্বালাই করে জোরা লাগানো হয়ে থাকে।
লেজার মেশিন ০২(দুই) টি ।
বর্তমান বজার মূল্য : ৯০লক্ষ টাকা।

বাংলা গোল্ড প্রাঃ লিমিটেড এর নিরাপত্তা ব্যবস্থা ও অন্যান্য অংশের ছবি